# গ্রাম উন্নয়ন

ত্রৈমাসিক বাংলা বুলেটিন

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

৩২ বর্ষ : ১ম সংখ্যা ॥ জানুয়ারি-মার্চ ২০২৪


## বার্ড-এ গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন



*২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তবক অর্পণ করছেন বার্ড-এর মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার।*

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপিত হয়েছে। গণহত্যা দিবস উদযাপনের লক্ষ্যে প্রামাণ্যচিত্র প্রদর্শনী, স্মৃতিচারণ ও আলোচনা সভা, ২৫ মার্চ কালোরাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত, মিলাদ মাহফিল ও প্রতীকী ব্লাকআউট করা হয়। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা, পুরস্কার বিতরণ, মোনাজাত এবং ইফতার, চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের পর বার্ডের সকল স্তরের

৬ষ্ঠ পৃষ্ঠায় দেখুন

## বার্ড-এ ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদযাপিত

গত ০৭ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদযাপিত হয়েছে। ভোরে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচির সূচনা করা হয়। ঐতিহাসিক ৭ই মার্চ

৯ম পৃষ্ঠায় দেখুন

## স্মার্ট গ্রাম বিনির্মাণে বার্ড এর ভূমিকা বিষয়ক কর্মশালা

গত ১১ মার্চ, ২০২৪ তারিখে বার্ডের লালমাই অডিটোরিয়ামে ০২ দিন ব্যাপী স্মার্ট গ্রাম বিনির্মাণে বার্ড এর ভূমিকা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক এ.এফ.এম. আবদুল

১৪ পৃষ্ঠায় দেখুন




*স্মার্ট গ্রাম বিনির্মাণে বার্ড এর ভূমিকা বিষয়ক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক এ.এফ.এম. আবদুল মঈন, পিএইচডি।*

# বার্ড- এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদযাপিত




*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদযাপন অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব ও বার্ডের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার।*

গত ১৭ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদযাপিত হয়েছে। এ দিবসটি উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমিতে জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তবক অর্পণ, প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন, পবিত্র কোরআন খতম, বিশেষ মুনাজাত ও প্রার্থনার ব্যবস্থা এবং এতিম শিশুদের ইফতার করানো, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানমালায় অংশগ্রহণ করেন বার্ডের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও প্রশিক্ষণার্থীবৃন্দ। বার্ডের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের পক্ষ থেকে বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তবক অর্পণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব ও বার্ডের মহাপরিচালক জনাব সুব্রত কুমার সিকদার। দিবসটি উদযাপন উপলক্ষ্যে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বার্ডের সম্মানিত মহাপরিচালক জনাব সুব্রত কুমার সিকদার। সভাপতির বক্তৃতায় বার্ড মহাপরিচালক বলেন, জাতীয় জীবনের সর্বক্ষেত্রে আমাদের জাতির পিতার চেতনা ও আদর্শকে ধারণ করতে হবে এবং নতুন প্রজন্মের কাছে বঙ্গবন্ধুর ত্যাগ ও সংগ্রামের ইতিহাস তুলে ধরতে হবে। আলোচনা অনুষ্ঠানে

৯ম পৃষ্ঠায় দেখুন

# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত

গত ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সহিত মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপিত হয়েছে। ভোরে জাতীয় পতাকা উত্তোলনের (অর্ধনমিত) মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের কর্মসূচির সূচনা হয়। ১৯৫২ সালের ভাষা শহিদগণের প্রতি শ্রদ্ধা জানিয়ে বার্ড-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর পক্ষ থেকে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব ও বার্ড-এর মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে বার্ড-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী, প্রশিক্ষণার্থী এবং বার্ড মডেল স্কুলের শিক্ষার্থীদের নিয়ে প্রভাত ফেরির আয়োজন করা হয়। এ দিবস উদযাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু স্মৃতিমঞ্চে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, সমবেত সঙ্গীত পরিবেশন, চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ এবং পবিত্র কুরআন খতমের আয়োজন করা হয়। আলোচনা সভায় বক্তাগণ বাংলা ভাষার জন্য ভাষা শহিদগণের ত্যাগের মহিমা তুলে ধরেন। এছাড়াও শহিদগণের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বার্ড জামে মসজিদে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।




*ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদযাপন উপলক্ষে বার্ড-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর পক্ষে বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তবক অর্পণ করেন বার্ডের অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল করিম।*




*বার্ড-এর মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার -এর নেতৃত্বে সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী, প্রশিক্ষণার্থী এবং বার্ড মডেল স্কুলের শিক্ষার্থীদের নিয়ে প্রভাত ফেরি।*

# ১লা জানুয়ারি ২০২৪ তারিখে বার্ড মডেল স্কুলের প্রাথমিক এবং মাধ্যমিক শাখায় 'বই উৎসব' এর আয়োজন




*বার্ড মডেল স্কুলের মাধ্যমিক শাখায় 'বই উৎসব' এ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বার্ডের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ হারুন-অর-রশিদ মোল্লা*

গত ১লা জানুয়ারি ২০২৪ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এর বার্ড মডেল স্কুলের প্রাথমিক এবং মাধ্যমিক শাখাতে 'বই উৎসব' আয়োজিত হয়েছে । মাধ্যমিক শাখার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ হারুন-অর- রশিদ মোল্লা, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বার্ড। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, নতুন বছরের প্রথম দিনেই নতুন পাঠ্যপুস্তক তুলে দিতে পারা সরকারের বিরাট সাফল্য। তিনি নতুন বই নিয়ে তাঁর শৈশবের স্মৃতি রোমন্থন করেন। তিনি শিক্ষার্থীদের বই পড়ার অভ্যাস গঠনের পরামর্শ দেন এবং খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকান্ডে সম্পৃক্ত হতে আহ্বান জানান। এছাড়াও উক্ত অনুষ্ঠানে জনাব আইরীন পারভিন, পরিচালক (প্রশাসন), জনাব আবদুল্লাহ আল হুসাইন, যুগ্মপরিচালক (গবেষণা), জনাব বেনজির আহমেদ, যুগ্মপরিচালক (প্রশাসন), জনাব মোঃ জসিম উদ্দিন সরকার, প্রধান শিক্ষক (মাধ্যমিক শাখা), জনাব আবদুল করিম, সহকারী অধ্যাপক, শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র,কুমিল্লা-সহ প্রমুখ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। প্রাথমিক শাখার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. আবদুল করিম, অতিরিক্ত মহাপরিচালক, বার্ড। তিনি তাঁর বক্তব্যে নতুন বই প্রাপ্তির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন। প্রাথমিক শাখার অনুষ্ঠানে ড. শেখ মাসুদুর রহমান, পরিচালক (পল্লী শিক্ষা), জনাব আয়মা মাহমুদা, যুগ্মপরিচালক (প্রকল্প), জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া) জনাব বদরুন নেছা, প্রধান শিক্ষক (প্রাথমিক শাখা) সহ বার্ড-এর বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

# বার্ড-এ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে সেমিনার অনুষ্ঠিত

গত ১০ মার্চ, ২০২৪ তারিখে বার্ডের লালমাই অডিটোরিয়ামে গ্রামীণ নারীর ক্ষমতায়নের লক্ষ্যে টেকসই শিক্ষা ও উদ্যোক্তা উন্নয়ন প্রায়োগিক গবেষণার উদ্যোগে "সমঅধিকার ও সমসুযোগ প্রতিষ্ঠায় নারীর জন্য বিনিয়োগঃ প্রত্যাশা ও প্রাপ্তি" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে ড. আবদুল করিম, অতিরিক্ত মহাপরিচালক, বার্ড প্রধান অতিথির আসন গ্রহণ করেন। উক্ত সেমিনারে জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (প্রকল্প), বার্ড সভাপতির আসন গ্রহণ করেন। জনাব আব্দুল্লাহ আল মামুন, পরিচালক (প্রশিক্ষণ) এবং জনাব নাছিমা আক্তার, প্রাক্তন পরিচালক, বার্ড বিশেষ অতিথির আসন গ্রহণ করেন। জনাব সাইফুন নাহার, গ্রামীন নারীর ক্ষমতায়নের লক্ষ্যে টেকসই শিক্ষা ও উদ্যোক্তা উন্নয়ন প্রায়োগিক গবেষণার প্রধান গবেষক, উপ-পরিচালক, বার্ড উক্ত সেমিনারের সেমিনার পরিচালকের দায়িত্ব পালন করেন। সেমিনারের শুরুতেই জনাব সাইফুন নাহার সমঅধিকার ও সমসুযোগ প্রতিষ্ঠায় নারীর জন্য বিনিয়োগঃ প্রত্যাশা ও প্রাপ্তি শীর্ষক মূল নিবন্ধ উপস্থাপন করেন। তিনি তার আলোচনায় বাংলাদেশের সংবিধানে নারীর অধিকার ও সম-সুযোগ, রাষ্ট্রের পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় নারীর অধিকার বাস্তবায়নের কৌশল, আন্তর্জাতিক সংস্থাগুলো কর্তৃক নারীর ক্ষমতায়নে বিভিন্ন কৌশল, রাষ্ট্রের বিভিন্ন ক্ষেত্রে নারীর অবদান এবং নারীর ক্ষমতায়নে বহুমুখী কর্মপদ্ধতি তুলে ধরেন। সেমিনারটির সহকারী সেমিনার পরিচালক ও সঞ্চালকের দায়িত্ব পালন করেন জনাব রহমত

৬ষ্ঠ পৃষ্ঠায় দেখুন




*বার্ড-এর বিদায়ী মহাপরিচালক জনাব মোঃ হারুন-অর-রশিদ মোল্লা-কে বিদায়ী শুভেচ্ছা জানাচ্ছেন নবনিযুক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার।*




*আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আয়োজিত সেমিনারে জয়ীতা পুরস্কার-২০২৩ প্রাপ্ত নারী উন্নয়ন প্রকল্পভুক্ত দক্ষিণ রামপুর মহিলা সংগঠনের রৌশনয়ারা (ম্যানেজার) কে সম্মাননা প্রদান করেন ড. আবদুল করিম, অতিরিক্ত মহাপরিচালক, বার্ড।*

# বাংলাদেশে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানমূহের উপর রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের প্রভাব শীর্ষক গবেষণার ফলাফল উপস্থাপন বিষয়ক কর্মশালা




*বাংলাদেশে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানমূহের উপর রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের প্রভাব শীর্ষক গবেষণার ফলাফল উপস্থাপন বিষয়ক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব মোসাম্মত হামিদা বেগম ।*

গত ২৮ মার্চ ২০২৪ (বৃহস্পতিবার) ঢাকাস্থ সিরডাপ মিলনায়তনে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কর্তৃক সম্পাদিত বাংলাদেশে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের উপর রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের প্রভাব শীর্ষক গবেষণার ফলাফল উপস্থাপন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। বেসরকারী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রক প্রতিষ্ঠান মাইক্রোক্রেডিট রেগুলেটোরি অথরিটি (এমআরএ) এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব মোসাম্মত হামিদা বেগম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় আরও বক্তব্য রাখেন বার্ডের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার।

প্রধান অতিথির বক্তব্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব মোসাম্মত হামিদা বেগম বেসরকারি ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সহজ শর্তে ঋণ প্রদান কার্যক্রম পরিচালনার মাধ্যমে দারিদ্র বিমোচনে আরও কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানান। গবেষণার একটি উল্লেখযোগ্য ফলাফলের দিকে দৃষ্টিপাত করে এবং তাঁর পেশাগত অভিজ্ঞতা থেকে প্রধান অতিথি বলেন, ক্ষুদ্রঋণ খাতে বাংলাদেশে উল্লেখযোগ্য অগ্রগতি হওয়া সত্ত্বেও, এখানে এখনো বেশ কিছু চ্যালেঞ্জ এবং বৈষম্য রয়ে গেছে। তিনি বলেন, বাংলাদেশের দরিদ্রদের মধ্যে কয়েকটি শ্রেণি রয়েছে। যার মধ্যে কিছু উন্নত দরিদ্র, কিছু মধ্যম দরিদ্র এবং একটি অংশ চরম দরিদ্র। যদিও বেসরকারি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো দারিদ্র্য বিমোচনে যথেষ্ট অবদান রেখেছে, এটাও অস্বীকার করার কোনো উপায় নেই যে তারা প্রধানত উন্নত এবং মধ্যম দরিদ্রদের দ্বারে পৌঁছায়। ফলে অতি দরিদ্র জনগোষ্ঠী সে অর্থে বেসরকারি ক্ষুদ্রঋণ সংস্থাগুলো থেকে সেবা পায় না। এসব প্রতিষ্ঠান মনে করে অতি দরিদ্র জনগোষ্ঠী তাদের ঋণের টাকা ফেরত দিতে পারবে না। কিন্তু অন্তর্ভুক্তিমুলক উন্নয়ন করতে গেলে অবশ্যই বেসরকারি ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থাগুলোকে তাদের এ কমফোর্ট জোন থেকে বের হয়ে কাজ করতে হবে। তাছাড়া দরিদ্র জনগোষ্ঠী যেন ঋণ-ধারের চক্রে আবদ্ধ না থেকে ঋণ গ্রহণ করে স্বাবলম্বী হতে পারে সে বিষয়েও ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থাগুলোকে যত্নবান হতে অনুরোধ করেন।

বার্ডের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার তাঁর বক্তব্যে এ ধরণের একটি গুরুত্বপূর্ণ গবেষণার উদ্যোগ নেওয়ার জন্য মাইক্রোক্রেডিট রেগুলেটোরি অথরিটি (এমআরএ) এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহকে ধন্যবাদ জানান। পাশাপাশি তিনি বার্ডের গবেষণা দলকে এ গবেষণাটি সফলতার সাথে সমাপ্ত করার জন্য সাধুবাদ জানান।

গবেষণা দলের দলনেতা ও বার্ডের অতিরিক্ত মহাপরিচালক ড. আবদুল করিম এবং গবেষণা দলের অন্যতম সদস্য ও বার্ডের পরিচালক জনাব রঞ্জন কুমার গুহ গবেষোণার ফলাফল উপস্থাপন করেন। পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অতিরিক্ত মহা ব্যবস্থাপক জনাব মোঃ ফজলুল কাদের এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ হেলাল উদ্দিন আলোচক হিসেবে গবেষণার ফলাফলের উপর বিশেষজ্ঞ মতামত প্রদান করেন। মুক্ত আলোচনায় আমন্ত্রিত অতিথিগণের মধ্য হতে দশ জন অতিথি গবেষণা ফলাফলের উপর আলোচনায় অংশগ্রহণ করেন।

ক্ষুদ্রঋণ প্রদানকারী বেসরকারি সংস্থাসমূহের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর উদ্যোগে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) সম্প্রতি Implication of Regulation on the Microfinance Institutions in Bangladesh শিরোনামের এ গবেষণাটি সম্পন্ন করেছে। এমআরএ কর্তৃক সময়ে সময়ে প্রবর্তিত আইন, বিধি ও সার্কুলার কীভাবে ক্ষুদ্র ঋণ কার্যক্রমকে প্রভাবিত করেছে সেটি নিরূপণ করাই এ গবেষণার মুল উদ্দেশ্য ছিল। বিগত ছয় মাসেরও অধিক কাল ধরে দেশের ৮টি বিভাগের ২২টি জেলা থেকে নির্বাচিত ১৬২টি ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান এবং এর সাথে জড়িত সংশ্লিষ্ট ব্যক্তি ও সংস্থার নিকট থেকে তথ্য সংগ্রহের মাধ্যমে বার্ডের একটি গবেষণা দল গবেষণাটি সম্পন্ন করে। কর্মশালায় বার্ডের গবেষকবৃন্দ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির কর্মকর্তাবৃন্দ, ক্ষুদ্র ঋণ বিশেষজ্ঞ, এবং দেশের বিভিন্ন স্থানে ক্ষুদ্র ঋণ পরিচালনাকারী ছোট, বড় এবং মাঝারি প্রায় পঞ্চাশটির মত প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা ও তাদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।



CRP-র পরিকল্পক ও প্রতিষ্ঠাতা Valerie Ann Taylor এর সাথে বার্ড কর্তৃক পরিচালিত গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীকে কম্যুনিটির অংশগ্রহণে জোরদারকরণ শীর্ষক প্রায়োগিক গবেষণার কর্মকর্তাবৃন্দ এবং অন্যান্য প্রতিনিধিবৃন্দ।

# খাদ্য প্রক্রিয়াজাতকরণে নিয়োজিত নারী উদ্যোক্তাদের তৈরি খাদ্য পণ্য সম্পর্কে অবহিত হলেন কোইকা ভলান্টিয়ার জনাব কিম



*গ্রাম পর্যায়ে প্রক্রিয়াজাতকৃত বিভিন্ন খাদ্যপণ্য ও এর প্রস্তুত প্রণালী সম্পর্কে অবহিত হচ্ছেন কোইকা ভলান্টিয়ার জনাব কিম।*

গত ০৭ ফেব্রুয়ারি ২০২৪ বার্ড-এর রাজস্ব বাজেটে পরিচালিত গ্রামীণ নারীদের ক্ষমতায়নের লক্ষ্যে টেকসই শিক্ষা ও উদ্যোক্তা উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণাভুক্ত মহিলা সংগঠনসমূহে খাদ্য প্রক্রিয়াজাতকরণে নিয়োজিত নারী উদ্যোক্তাদের তৈরি খাদ্যপণ্য সম্পর্কে অবহিত হওয়ার জন্য কোইকা ভলান্টিয়ার জনাব কিম অলিপুর মহিলা সংগঠন পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি গ্রাম পর্যায়ে প্রক্রিয়াজাতকৃত বিভিন্ন খাদ্যপণ্য ও এর প্রস্তুত প্রণালী সম্পর্কে অবহিত হন। এছাড়া তিনি খাদ্য প্রক্রিয়াজাতকরণে নিয়োজিত প্রায়োগিক গবেষণাভুক্ত মহিলা সংগঠনের সদস্যদের বার্ডে এনে প্রশিক্ষণ প্রদানের আগ্রহ ব্যক্ত করেন। এক্ষেত্রে শ্রেণীকক্ষ সজ্জিত করণে তিনি কোইকা থেকে ফান্ড আনার বিষয়টি দেখবেন বলে জানান। তাঁর পরিদর্শন কালে প্রধান প্রায়োগিক গবেষক জনাব সাইফুন নাহার, উপপরিচালক, বার্ড, জনাব রাখি নন্দী, উপপরিচালক, বার্ড, প্রায়োগিক গবেষণাটির মাঠকর্মী এবং মহিলা সংগঠনের সদস্যগণ উপস্থিত ছিলেন।

# বার্ডে বিসিএস (সাধারণ শিক্ষা) কর্মকর্তাদের চার মাস মেয়াদী ১৯৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

বিসিএস (সাধারণ শিক্ষা) কর্মকর্তাদের চার মাস মেয়াদী ১৯৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গত ১১ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে বার্ডের আইটি কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বার্ডের সম্মানিত মহাপরিচালক ও সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ হারুন-অর- রশিদ মোল্লা। অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর উপপরিচালক জনাব মোঃ আব্দুল মান্নান চৌধুরী। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অত্র একাডেমির পরিচালক (প্রশিক্ষণ) জনাব আবদুল্লাহ আল মামুন; কোর্স পরিচালক ও পরিচালক (কৃষি ও পরিবেশ) ড. শিশির কুমার মুন্সি; সহযোগী কোর্স পরিচালক জনাব সাইফুন নাহার, উপপরিচালক (পল্লী সমাজতত্ত্ব), সহকারী কোর্স পরিচালক, জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ডের অনুষদ সদস্যবৃন্দ এবং প্রশিক্ষণার্থীবৃন্দ। কোর্সে মোট ৫০ জন বিসিএস বিভিন্ন ব্যাচের সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ অংশগ্রহণ করছেন। সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে বুনিয়াদি প্রশিক্ষণের তাৎপর্য প্রশিক্ষণার্থীদের মাঝে তুলে ধরেন। তিনি তাঁর বক্তব্যে বলেন বুনিয়াদি প্রশিক্ষণে শৃঙ্খলা এবং নিষ্ঠার সাথে প্রশিক্ষণ গ্রহণ করে ভবিষ্যতের ডিজিটাল বাংলাদেশ এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রজাতন্ত্রের কর্মচারি হিসেবে পেশাদারিত্ব অর্জনে সকলকে একসাথে কাজ করতে হবে।




*বিসিএস (সাধারণ শিক্ষা) কর্মকর্তাদের চার মাস মেয়াদী ১৯৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বার্ডের সম্মানিত মহাপরিচালক ও সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ হারুন-অর- রশিদ মোল্লা।*

# বার্ড-এ স্বাস্থ্য ক্যাডারের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত



*১৭১তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে ডা. মোঃ হাসিবুল হক-কে ডিজি অ্যাওয়ার্ড প্রদান করছেন বার্ড-এর মহাপরিচালক জনাব মোঃ হারুন-অর-রশিদ মোল্লা।*

গত ১৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের জন্য আয়োজিত ১৭১তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠিত হয়েছে। গত ১৭/১২/২০২৩ হতে চলমান দুই মাসব্যাপী এই প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বার্ড-এর সম্মানিত মহাপরিচালক জনাব মোঃ হারুন-অর-রশিদ মোল্লা। সভাপতি তাঁর বক্তৃতায় বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর সোনার বাংলা বিনির্মাণে দক্ষ মানবসম্পদ উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। দক্ষ মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণের বিকল্প নেই। তিনি আরো বলেন, চিকিৎসকগণ সরাসরি নাগরিক সেবায় নিয়োজিত। ক্যাডার সার্ভিসে যারা জনসেবায় নিয়োজিত তাঁদের উৎকৃষ্ট অংশ হচ্ছে চিকিৎসকবৃন্দ। তিনি দেশের উন্নয়ন ও নাগরিক সেবায় সুশাসন নিশ্চিত করার জন্য আহবান জানান। সমাপনী অধিবেশনে আরও উপস্থিত ছিলেন বার্ড-এর প্রশিক্ষণ বিভাগের পরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন। এ কোর্সের কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন জনাব মোঃ আবু তালেব, যুগ্মপরিচালক, সহযোগী কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন জনাব ফরিদা ইয়াসমিন, উপপরিচালক, কোর্সের সমন্বয়কের দায়িত্ব পালন করেছেন জনাব জোনায়েদ রহিম, যুগ্মপরিচালক, বার্ড। এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের ৫০ জন কর্মকর্তা। সার্বিক ফলাফল বিবেচনায় ডিজি অ্যাওয়ার্ড লাভ করেন ডাঃ মোঃ হাসিবুল হক।

## বার্ড-এ গণহত্যা দিবস

১ম পৃষ্ঠার পর

কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব ও বার্ডের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে বিশেষ আলেচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সুব্রত কুমার সিকদার, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বার্ড। এছাড়া মঞ্চে আরও উপবিষ্ট ছিলেন বার্ডের অতিরিক্ত মহাপরিচালক ড. আবদুল করিম এবং জনাব আইরীন পারভিন, পরিচালক (প্রশাসন)। এছাড়া আলোচনা সভায় আলোচনা করেন বার্ড অনুষদ পরিষদ, বার্ড অফিসার্স এসোসিয়েশন এবং বার্ড কর্মচারী ইউনিয়নের প্রতিনিধি, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী এবং বার্ড মডেল স্কুলের শিক্ষক-শিক্ষার্থী। উক্ত অনুষ্ঠানমালায় অংশগ্রহণ করেন বার্ডের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, বার্ড মডেল স্কুলের শিক্ষার্থীবৃন্দ ও প্রশিক্ষণার্থীবৃন্দ। আলোচনা সভায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন জনাব রহমত উল্লাহ, সহকারী পরিচালক, বার্ড। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে বার্ড ক্যাম্পাসে বর্ণিল সাজ ও আলোকসজ্জা করা হয়।

## বার্ড-এ আন্তর্জাতিক নারী দিবস

৩য় পৃষ্ঠার পর

উল্যাহ, সহযোগী গবেষক; সহকারী পরিচালক, বার্ড। উক্ত সেমিনারে র‍্যাপোর্টিয়ারের দায়িত্ব পালন করেন জনাব মোহাম্মদ শাহজালাল, সহকারী পরিচালক। বার্ডের কর্মকর্তা, কর্মচারী, বার্ড স্কুলের শিক্ষার্থীগণ ও উক্ত প্রায়োগিক গবেষণার সুফলভোগীগণ সেমিনারটিতে উপস্থিত ছিলেন। মূল নিবন্ধ উপস্থাপনার পর উন্মুক্ত আলোচনা শুরু করা হয়। আমন্ত্রিত অতিথি ও অংশগ্রহণকারীগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। জয়ীতা পুরস্কার-২০২৩ অর্জনকারী প্রায়োগিক গবেষণাভূক্ত মহিলা সংগঠনের উদ্যোক্তা সম্মাননা ও সম্ভাবনাময়ী উদ্যোক্তাদের মাঝে উপকরণ বিতরণ ও সভাপতির বক্তব্যের মাধ্যমে উক্ত সেমিনারের সমাপনী ঘোষণা করা হয়।



*বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর প্রধান পরিচ্ছন্নতা কর্মী জনাব মোঃ সিরাজুল ইসলাম এর পিআরএল এ গমন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বার্ডের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার, বার্ডের পরিচালকবৃন্দ এবং সংশ্লিষ্টজনরা।*

# একাডেমির প্রশিক্ষণ কার্যক্রম (জানুয়ারি-মার্চ ২০২৪)

বার্ডের প্রধান কার্যক্রমের মধ্যে প্রশিক্ষণ অন্যতম। প্রতিবছর নানা ধরনের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত হয়ে থাকে। এ সকল প্রশিক্ষণের মধ্যে রয়েছে বুনিয়াদি ও বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ, উদ্যোক্তা সংস্থার অর্থায়নে বিশেষায়িত প্রশিক্ষণ, পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন সংক্রান্ত সংযুক্তি, অবহিতকরণ ও পরিদর্শন কর্মসূচি, প্রকল্পের সুফলভোগীদের জন্য বিভিন্ন দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ইত্যাদি। এছাড়া বার্ড সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ ইত্যাদিও নিয়মিতভাবে আয়োজন করে থাকে। চলতি অর্থ বছরের জানুয়ারি-মার্চ ২০২৪ সময়ে বার্ড বিভিন্ন ধরনের সর্বমোট **২৫ টি** প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/সেমিনার পরিচালনা করেছে। এসব কোর্সে **৫৬৪ জন পুরুষ ও ৭০২ মহিলাসহ মোট ১২৬৬ জন** প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। নিম্নে বার্ডের **জানুয়ারি - মার্চ ২০২৪** সময়ে আয়োজিত প্রশিক্ষণ কোর্সগুলোর বিস্তারিত বিবরণ তুলে ধরা হলো:

| ক্রঃ নং | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোক্তা সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সংস্থা থেকে অংশগ্রহণকারীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আন্তর্জাতিক প্রশিক্ষণ | | | | | | |
| ১ | 9th International Integrative Research Conference on Governance in Society, Business and Environment | ২৩-২৪ ফেব্রুয়ারি ২০২৪ | BARD, DU, SUB | ৭৭ | ৩৩ | ১১০ |
| জাতীয় পর্যায়েঃ | | | | | | |
| ১ | **বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স** | | | | | |
| ১.১ | ১৯৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ১১ ফেব্রুয়ারি - ০৯ জুন ২০২৪ | নায়েম | ১১ | ৩৯ | ৫০ |
| ২ | **বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স** | | | | | |
| ২.১ | ১৬৯তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ০৩ ডিসেম্বর ২০২৩ - ৩১ জানুয়ারি ২০২৪ | স্বাস্থ্য অধিদপ্তর | ৩০ | ২০ | ৫০ |
| ২.২ | ১৭০তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ১০ ডিসেম্বর ২০২৩ - ০৭ ফেব্রুয়ারি ২০২৪ | স্বাস্থ্য অধিদপ্তর | ২৮ | ২২ | ৫০ |
| ২.৩ | ১৭১তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ১৭ ডিসেম্বর ২০২৩ - ১৪ ফেব্রুয়ারি ২০২৪ | স্বাস্থ্য অধিদপ্তর | ২৭ | ২৩ | ৫০ |
| ২.৪ | ১৭২তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ২৪ ডিসেম্বর ২০২৩ - ২১ ফেব্রুয়ারি ২০২৪ | স্বাস্থ্য অধিদপ্তর | ২৭ | ২৩ | ৫০ |
| ৩ | **সংযুক্তি কর্মসূচি** | | | | | |
| ৩.১ | Quantitative Research Methodology | ১৯-২২ ফেব্রুয়ারি ২০২৪ | BUP | ১৮ | ২৮ | ৪৬ |
| ৪ | **ইনহাউজ প্রশিক্ষণ কোর্স** | | | | | |
| ৪.১ | 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার' ২য় ব্যাচ | ০৯ জানুয়ারি ২০২৪ | বার্ড | ২০ | ১০ | ৩০ |
| ৪.২ | হোস্টেল, ক্যাফেটেরিয়া ও অভ্যর্থনা সেবার মানোন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ১৯-২১ মার্চ ২০২৪ | বার্ড | ৩৮ | ২ | ৪০ |
| ৫ | **বার্ডের স্ব-উদ্যোগে পরিচালিত প্রশিক্ষণ কোর্স** | | | | | |
| ৬ | **অন্যান্য সংস্থার অর্থায়নে আয়োজিত প্রশিক্ষণ কোর্স** | | | | | |
| ৬.১ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)-এর কর্মকর্তাদের জন্য 'মৌলিক প্রশিক্ষণ কোর্স' | ০৪-১৫ ফেব্রুয়ারি ২০২৪ | NPO | ১১ | ৩ | ১৪ |
| ৭ | **বার্ড-এর প্রায়োগিক গবেষণা প্রকল্পের প্রশিক্ষণ কোর্স** | | | | | |
| ৭.১ | গ্রামীণ পর্যটন বিকাশের মাধ্যমে পল্লী উন্নয়ন' বিষয়ক প্রশিক্ষণ কোর্স-১ম ব্যাচ | ১৮-২০ ফেব্রুয়ারি ২০২৪ | গ্রামীণ পর্যটন বিষয়ক প্রকল্প, বার্ড | ১০ | ৫ | ১৫ |
| ৭.২ | গ্রামীণ পর্যটন বিকাশের মাধ্যমে পল্লী উন্নয়ন' বিষয়ক প্রশিক্ষণ কোর্স-২য় ব্যাচ | ২৭-২৯ ফেব্রুয়ারি ২০২৪ | গ্রামীণ পর্যটন বিষয়ক প্রকল্প, বার্ড | ৭ | ৩ | ১০ |
| ৭.৩ | বার্ডের নারী উন্নয়ন প্রয়োগিক গবেষণাভুক্ত গ্রাম সংগঠনকর্মী/ নারী উদ্যোক্তাদের নিয়ে পারস্পরিক শিখনমূলক শিক্ষা সফর | ২০ ফেব্রুয়ারি ২০২৪ | RWSEEDE প্রকল্প, বার্ড | ০ | ৪৯ | ৪৯ |

| ক্রঃ নং | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোক্তা সংস্থা/এজেন্সীল নাম | মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সংস্থা থেকে অংশগ্রহণকারীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৭.৪ | গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীর আত্মপরিচর্যা, প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান এবং কেয়ার গিভার তৈরী বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ২৭-২৯ ফেব্রুয়ারি ২০২৪ | গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠী বিষয়ক প্রকল্প, বার্ড | ৩ | ১৭ | ২০ |
| ৮ | **অবহিতকরণ কর্মসূচিঃ** | | | | | |
| ৮.১ | কৃষি অর্থনীতি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-এর শিক্ষার্থীদের জন্য বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ১৮ জানুয়ারি ২০২৪ | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | ২৬ | ৬৯ | ৯৫ |
| ৮.২ | ইনস্টিটিউট অব চাইল্ড এন্ড মাদার হেলথ (আইসিএমএইচ)-এর ৫০তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (বিসিএস স্বাস্থ্য)-এর প্রশিক্ষণার্থীদের জন্য বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ২২ জানুয়ারি ২০২৪ | ইনস্টিটিউট অব চাইল্ড এন্ড মাদার হেলথ (আইসিএমএইচ) | ২৬ | ১৪ | ৪০ |
| ৮.৩ | পদার্থ বিজ্ঞান বিভাগ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা-এর ছাত্র/ছাত্রীদের শিক্ষা সফর উপলক্ষ্যে বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ২৭ জানুয়ারি ২০২৪ | বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা | ০ | ৬৫ | ৬৫ |
| ৮.৪ | ভূগোল ও পরিবেশ বিভাগ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা-এর ছাত্রীদের জন্য বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ১২ ফেব্রুয়ারি ২০২৪ | বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা | ০ | ৬৫ | ৬৫ |
| ৮.৫ | ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর ছাত্র/ছাত্রীদের জন্যবার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ২৮ ফেব্রুয়ারি ২০২৪ | ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া | ৩২ | ৮ | ৪০ |
| ৮.৬ | সমাজ বিজ্ঞান বিভাগ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা-এর ছাত্র/ছাত্রীদের শিক্ষা সফর উপলক্ষ্যে বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ০২ মার্চ ২০২৪ | বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ | ০ | ২৮ | ২৮ |
| ৮.৭ | সমাজ বিজ্ঞান ও নৃবিজ্ঞান বিভাগ, গ্রীণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর ছাত্র/ছাত্রীদের শিক্ষা সফর উপলক্ষ্যে বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ০৩ মার্চ ২০২৪ | গ্রীণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ | ৮৭ | ৭১ | ১৫৮ |
| ৮.৮ | সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়-এর ছাত্র/ছাত্রীদের জন্য বার্ডের কার্যক্রম অবহিতকরণ কর্মসূচি | ০৪ মার্চ ২০২৪ | সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় | ২২ | ২৫ | ৪৭ |
| ৯ | **কর্মশালা** | | | | | |
| ৯.১ | বাংলাদেশের কৃষি ক্ষেত্রে নারী উদ্যোক্তাদের সম্ভাবনা শীর্ষক কর্মশালা | ০৫ মার্চ ২০২৪ | বার্ড | ৫ | ২২ | ২৭ |
| ৯.২ | স্মাট গ্রাম বিনির্মানে বার্ড এর ভূমিকা শীর্ষক কর্মশালা | ১১-১২ মার্চ ২০২৪ | বার্ড | ৩৫ | ৯ | ৪৪ |
| ১০ | **সেমিনার** | | | | | |
| ১০.১ | সমঅধিকার ও সমসুযোগ প্রতিষ্ঠায় নারীর জন্য বিনিয়োগঃ প্রত্যাশা ও প্রাপ্তি শীর্ষক সেমিনার | ১০ মার্চ ২০২৪ | বার্ড | ২৪ | ৪৯ | ৭৩ |
| | | | মোট ২৫ টি = | ৫৬৪ | ৭০২ | ১২৬৬ |

# বার্ডে গবেষণা কার্যক্রম
## জানুয়ারি-মার্চ ২০২৩

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) সূচনা লগ্ন থেকেই পল্লী দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে গবেষণা পরিচালনা করে আসছে। গ্রামীণ জীবনে বিদ্যমান সমস্যার কার্যকর সমাধানের উপায় উদ্ভাবনই বার্ডের গবেষণার মূল লক্ষ্য। বার্ডের গবেষণার ফলাফল সরকারের নীতি নির্ধারণী পর্যায়ে সহায়তা প্রদান করে থাকে, যার ফলে পল্লী উন্নয়নের ক্ষেত্রে প্রভূত উন্নয়ন সাধিত হচ্ছে। বার্ডের গবেষণা ফলাফলের ওপর ভিত্তি করে পরবর্তীতে প্রায়োগিক গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়। তাছাড়া, গবেষণার ফলাফলের ভিত্তিতে বার্ডের নিজস্ব প্রশিক্ষণ কোর্সের উপকরণ তৈরি করা হয় এবং তা প্রশিক্ষণ ক্লাশে ব্যবহার করা হয়। বার্ড নিজস্ব অর্থায়নে পরিচালিত গবেষণা ছাড়াও দাতা ও সহযোগী সংস্থার অর্থায়নে গবেষণা পরিচালনা করে থাকে। বার্ডের অভিজ্ঞ অনুষদ সদস্যবৃন্দ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রকল্প মূল্যায়নেও অবদান রাখছে। বার্ড নিয়মিত গবেষণা কার্যক্রমের মাধ্যমে পল্লীর উন্নয়নে অব্যাহতভাবে কার্যকর ভূমিকা রেখে চলেছে। উল্লেখ্য, বার্ড বরাবরই জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন নীতি অনুসরণ করে গবেষণা পরিচালনা করে থাকে। সাম্প্রতিক সময়ে জাতিসংঘ কর্তৃক

গৃহীত Sustainable Development Goals-কে সামনে রেখে গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য গুরুত্বারোপ করা হয়েছে। এছাড়াও, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও রূপরেখা ২০৪১ এবং সরকারের প্রাধিকারভুক্ত বিষয়ের আলোকে পল্লী উন্নয়ন তথা জাতীয় উন্নয়নকে টেকসই করতে বার্ড গবেষণা পরিচালনা করছে।

**নিম্নে বার্ডের গবেষণা কার্যক্রমের হালনাগাদ তথ্য প্রদান করা হলোঃ**

**বার্ডের বিভিন্ন পর্যায়ে চলমান গবেষণাসমূহের শিরোনাম নিম্নরূপঃ**

১. Potentialities of Women Entrepreneurship in Agriculture of Bangladesh

২. Inclusive Education and Training Towards Autism for Empowerment: A Sociological Study of Selected Villages.

৩. Agroforestry in Achieving Food Security of upland smallholders: A Case on Lalmai Hill Areas of Cumilla District.

৪. Farmer's Knowledge, attitude and practice of mastitis in Cow

৫. Adoption and Integration of ICT by Secondary School Teachers in Rural Schools of Bangladesh: An Analysis Using the Technology Acceptance Model (TAM).

৬. জীবন ও জীবিকাঃ একটি উন্নয়ন সমীক্ষা

৭. Impact of National Social Security Strategy (NSSS) Reforms on Social Protection in Bangladesh

৮. Post Training Utilisation Study on Training Courses of Comprehensive Village Development Programme (CVDP)

৯. The 4th Industrial Revolution (4IR) and the Changing Patterns of Employment: Readiness of Rural Youth in Bangladesh

১০. Occupational Diversification of Rural Women: Trends in Last Three Decades

**বার্ডের সম্প্রতি সম্পাদিত গবেষণাসমূহ নিম্নরূপঃ**

১. Information and Communication Technology in Agriculture in Bangladesh

২. Potentialities and Strategies of Public Private Partnership in Rural Development of Bangladesh.

৩. Assessing the Understanding and Practices of Bovine Mastitis among Dairy Stakeholders

৪. Climate Change Effects on the Coastal Livelihoods: A Case of South-Western Bangladesh

৫. আইলবিহীন কৃষি যান্ত্রিকীকরণ ও যৌথ খামার ব্যবস্থাপনাঃ বার্ডের প্রয়োগিক গবেষণার আলোকে একটি সমীক্ষা

৬. Cultivable Land Use Pattern by Absentee Landowner in Sylhet: A Case of Three Villages

৭. Opportunities of Peoples' Participation in Community Development: Problems and Prospects in Chittagong Hill Tracts of Bangladesh

**বার্ডের সম্প্রতি প্রকাশিত গবেষণাসমূহ নিম্নরূপঃ**

১. From Crisis to Resilience: Analyzing the Impact of Covid-19 on Rural Livelihoods in Bangladesh

২. Adoption of ICTs in Local Government Institutions in Bangladesh

৩. Contemporary Knowledge of Clay Artisans in Bijoypur

৪. Changing Village Communities in Bangladesh: A Case Study on Transformation and Problems in Six Rural Neighbourhoods

৫. Post Training Utilization of the Cow Rearing and Fattening Training Program Sponsored by the Amar Bari Amar Khamar Project

৬. পল্লী উন্নয়ন: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমির বার্ষিক জার্নাল (১৪২৭-২৮ বঙ্গাব্দ) ২৪তম সংখ্যা

## ঐতিহাসিক ৭ই মার্চ

১ম পৃষ্ঠার পর

২০২৪ উদযাপন উপলক্ষে বার্ড-এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীর পক্ষে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করেন বার্ডের অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল করিম। পরবর্তীতে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ভিডিও প্রদর্শনী, আলোকচিত্রমালা প্রদর্শনী, মোনাজাত ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টারে অর্ন্তভুক্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বার্ডের অতিরিক্ত মহাপরিচালক ড. আব্দুল করিম। আলোচনা সভায় সভাপতির বক্তব্যে বার্ডের অতিরিক্ত মহাপরিচালক বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ আমাদের জাতীয় অনুপ্রেরণার উৎস। আলোচনা সভায় মঞ্চে আরো উপস্থিত ছিলেন জনাব আইরীন পারভিন, পরিচালক (প্রশাসন), বার্ড। এছাড়া আলোচনা সভায় আরো বক্তব্য প্রদান করেন বার্ড-এর ১৯৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী, বার্ড মডেল স্কুলের শিক্ষক-শিক্ষার্থী ও বার্ড কর্মচারী ইউনিয়নের সভাপতি। আলোচনা সভার অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনাব আমিনুল ইসলাম, সহকারী পরিচালক, বার্ড। আলোচনা সভা শেষে ৭ই মার্চ ২০২৪ উদযাপন উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন, কুইজ এবং ভাষণ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## জাতীয় শিশু দিবস-২০২৪ উদযাপিত

২য় পৃষ্ঠার পর

মঞ্চে আরও উপবিষ্ট ছিলেন বার্ডের অতিরিক্ত মহাপরিচালক ড. আবদুল করিম। এছাড়া আলোচনা সভায় বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা করেন বার্ড অনুষদ পরিষদের সভাপতি, বার্ড অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক, বার্ড কর্মচারী ইউনিয়নের সভাপতি, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী এবং বার্ড মডেল স্কুলের শিক্ষার্থী। আলোচনা অনুষ্ঠানটি উপস্থাপনা করেন জনাব রয়েল খান, সহকারী পরিচালক, বার্ড। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী উপলক্ষে বার্ড ক্যাম্পাসে বর্ণিল সাজ ও আলোকসজ্জা করা হয়।

# বার্ডে চলমান প্রকল্পসমূহের অগ্রগতির বিবরণ
## জানুয়ারি-মার্চ ২০২৪

প্রতিষ্ঠালগ্ন থেকে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) পল্লী উন্নয়নের উদ্ভাবনী এবং টেকসই মডেল তৈরির লক্ষ্যে তার কাজের ম্যান্ডেট অনুযায়ী প্রায়োগিক গবেষণা পরিচালনা করে আসছে। এটি বার্ডের তিনটি প্রধান কাজের মধ্যে অন্যতম একটি। প্রায়োগিক গবেষণার প্রধান বৈশিষ্ট্য হল বৃহত্তর স্কেলে উন্নয়ন ধারণাগুলিকে প্রয়োগ করার পূর্বে ধারণাগুলির ব্যবহারিক উপযোগীতা সম্পর্কে আরও অর্ন্তদৃষ্টি পেতে ছোট পরিসরে ধারণাগুলি পরীক্ষা করে দেখা। বার্ড এর প্রায়োগিক গবেষণা গ্রামীণ এলাকায় বিদ্যমান সমস্যাগুলির সম্ভাব্য সমাধান খুঁজে পেতে কার্যকর পন্থা প্রদান করে থাকে। উল্লেখ্য, পল্লী উন্নয়নের বিখ্যাত কুমিল্লা মডেলটি বার্ডের প্রায়োগিক গবেষণার ফলাফল। বার্ডের প্রায়োগিক গবেষণার সফল ফলাফলের স্বরূপ ইতোমধ্যে বেশ কয়েকটি জাতীয় প্রতিষ্ঠান গড়ে উঠেছে। তারই ধারাবাহিকতায় বার্ডের কর্মপ্রচেষ্টা অব্যাহত আছে। চলতি ২০২৩-২৪ অর্থবছরে ২টি এডিপিভূক্ত ও ১৪ টি রাজস্বখাতভুক্ত প্রায়োগিক গবেষণা প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে।

| ক্রঃ নং | প্রকল্প শিরোনাম | বাস্তবায়নকাল | প্রকল্প পরিচালক/ প্রায়োগিক গবেষক |
|---|---|---|---|
| | **১। এডিপিভুক্ত প্রকল্প** | | |
| ১ | "বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি আধুনিকায়ন" প্রকল্প | জানুয়ারি ২০১৮ - জুন ২০২৪ | ডঃ আবদুল করিম<br>জনাব মোঃ আবু তালেব |
| ২ | সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় (১ম সংশোধিত), বার্ড অংশ | জুলাই ২০১৮ - জুন ২০২৪ | জনাব সালাহ উদ্দিন ইবনে সাঈদ |
| | **বার্ডের রাজস্বখাতভুক্ত প্রায়োগিক গবেষণাসমূহ** | | |
| | **২. প্রদর্শনী এবং সম্প্রসারণ** | | |
| ২.১ | "বার্ড প্রদর্শনী দুগ্ধ, ছাগল ও পোল্ট্রি খামার" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০১৫- জুন ২০২৪ | জনাব মোঃ জয়নাল আবেদীন |
| ২.২ | "মাশরুম উন্নয়ন ও চাষ" প্রায়োগিক গবেষণা | জুলাই ২০১৫- জুন ২০২৪ | ডঃ মোঃ আনোয়ার হোসেন ভূইয়া |
| ২.৩ | "বার্ড প্রদর্শনী মৎস্য খামার" বিষয়ক প্রায়োগিক গবেষণা | নভেম্বর ২০১৮- জুন ২০২৪ | জনাব মোঃ ফারুক হোসেন |
| ২.৪ | "বার্ড ক্যাম্পাসে ট্রাইকো কম্পোস্ট উৎপাদন, গবেষণা এবং ব্যবসায়িক মডেল বিকাশ" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০২০- জুন ২০২৪ | ডঃ শিশির কুমার মুন্সি<br>জনাব রহমতুল্লাহ |
| | **৩. প্রাতিষ্ঠানিক ব্যবস্থার উন্নয়ন** | | |
| ৩.১ | "গ্রাম সংগঠন ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে পল্লী এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০১৬ - জুন ২০২৪ | জনাব আবদুল্লাহ আল মামুন<br>জনাব মোঃ ওবায়দুল্লাহ সর্দার |
| ৩.২ | "কুমিল্লার হাতে বোনা খাদি শিল্পের বাজার সম্প্রসারণ ও সক্ষমতা উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০২২ - জুন ২০২৫ | ডঃ শেখ মাসুদুর রহমান<br>জনাব কাজী সোনিয়া রহমান<br>জনাব মোঃ আশরাফুর রহমান ভূঁইয়া |
| ৩.৩ | "জনসম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) স্থানীয়করণে বাস্তবায়নযোগ্য মডেল তৈরী" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০২১ - জুন ২০২৪ | জনাব আইরীন পারভিন<br>জনাব মোঃ জয়নাল আবেদীন |
| ৩.৪ | "পল্লী এলাকায় উন্নত সেবা সরবরাহে ই-পরিষদ" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০০৯- জুন ২০২৪ | জনাব ফৌজিয়া নাসরিন সুলতানা<br>জনাব মোঃ আমিনুল ইসলাম |
| ৩.৫ | "কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের বৃত্তিমূলক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থান সৃষ্টি" বিষয়ক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০২০- জুন ২০২৪ | জনাব আবদুল্লাহ আল হুসাইন<br>জনাব কামরুল হাসান |
| ৩.৬ | "গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীকে কম্যুনিটির অংশগ্রহণে সহায়তা প্রদান জোরদারকরণ" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০২৩ - জুন ২০২৫ | জনাব কাজী সোনিয়া রহমান<br>জনাব ফরিদা ইয়াসমিন<br>জনাব মোঃ শাহজালাল |
| ৩.৭ | "গ্রামীণ নারীর ক্ষমতায়নের লক্ষ্যে টেকসই শিক্ষা ও উদ্যোক্তা উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০২২ - জুন ২০২৫ | জনাব সাইফুন নাহার<br>জনাব রহমতুল্লাহ |
| | **৪. উৎপাদনশীলতা বৃদ্ধির পদ্ধতি প্রবর্তন** | | |
| ৪.১ | "কৃষি যান্ত্রিকীকরণ ও যৌথ খামার ব্যবস্থাপনা" শীষক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০১৯- জুন ২০২৪ | ডঃ শিশির কুমার মুন্সি<br>জনাব কামরুল হাসান |
| ৪.২ | "কমিউনিটি এন্টারপ্রাইজের মাধ্যমে প্লাবনভূমিতে মৎস্য চাষ ও নিরাপদ খাদ্য উৎপাদন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০১৯-জুন ২০২৪ | জনাব আবদুল্লাহ আল মামুন |

| ক্র: নং | প্রকল্প শিরোনাম | বাস্তবায়নকাল | প্রকল্প পরিচালক/ প্রায়োগিক গবেষক |
|---|---|---|---|
| ৪.৩ | "গ্রাম উন্নয়ন সংগঠনের স্থায়ীত্বশীলতা বৃদ্ধি এবং আধুনিক কৃষি কর্মকান্ডের মাধ্যমে লালমাই ময়নামতি পাহাড়ি এলাকার জনগণের টেকসই অর্থনৈতিক উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০১৯ - জুন ২০২৪ | ডঃ মোঃ আনোয়ার হোসেন ভূইয়া<br>জনাব অসীম কুমার সরকার |
| ৪.৪ | "অভিযোজন পদ্ধতিতে চরাঞ্চলের মানুষের জীবিকার মানোন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জানুয়ারি ২০২০- জুন ২০২৪ | জনাব মোঃ রিয়াজ মাহমুদ<br>জনাব মোঃ রয়েল খান |
| ৪.৫ | " গ্রামীণ পর্যটন বিকাশের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি গ্রামীণ জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা | জুলাই ২০২৩ -জুন ২০২৪ | জনাব জোনায়েদ রহিম<br>জনাব আবদুল্লা আল মামুন |

**প্রকল্পের ত্রৈমাসিক অগ্রগতির বিবরনীঃ**

১। এডিপিভুক্ত প্রকল্পঃ

**১.১ শিরোনাম: "বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি আধুনিকায়ন" প্রকল্প**

**প্রকল্পের উদ্দেশ্য :** বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর ভৌত সুবিধাদি শক্তিশালী করার মাধ্যমে এর সক্ষমতা বৃদ্ধি করা; যাতে করে এটি আরও দক্ষতার সাথে জাতীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারে।

**প্রকল্প এলাকাঃ** বার্ড ক্যাম্পাস

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি আধুনিকায়ন প্রকল্পের ডিপিপিতে উল্লেখিত লন টেনিস কোর্ট নির্মাণ, বার্ড ক্যাফেটেরিয়ার জন্য ওয়াশরুম নির্মাণ, হোস্টেলের জন্য অপেক্ষাগারসহ অভ্যর্থনা অফিস নির্মাণ, বার্ড ক্যাফেটেরিয়ার জন্য আধুনিক রান্নাঘর নির্মাণ ও বার্ড ক্যাম্পাসে অবস্থিত পুকুর খনন এবং পাড় বাধাইকরণ ইত্যাদি কম্পোনেন্টের ইতোমধ্যে প্রায় ৯৮% কার্য সম্পন্ন হয়েছে। চলতি অর্থবছরে প্রকল্পটির বাজেট ৬০০ লক্ষ টাকা, ইতোমধ্যে ৫৭.৬২ লক্ষ টাকা প্রজেক্ট হিসাবে ইস্যু হয়েছে।

**১.২ শিরোনাম: সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (৩য় পর্যায়), বার্ড অংশ**

**প্রকল্পের উদ্দেশ্যঃ** প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে গ্রামভিত্তিক একক সমবায় সংগঠনের আওতায় গ্রামের ধনী-দরিদ্র, নারী-পুরুষ, কিশোর-কিশোরী নির্বিশেষে সকল পেশা ও শ্রেণির জনগোষ্ঠীকে সংগঠিত করে তাদের আর্থ-সামাজিক তথা সামগ্রিক উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা।

**প্রকল্প এলাকাঃ** ১৮ টি জেলার ৩৫ টি উপজেলার ২১৬০ টি গ্রাম।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৪):** সিভিডিপি'র মূলমন্ত্র হলো সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সংগঠনের (কাঙ্খিত শেয়ার বিক্রয়, সঞ্চয় আদায়) নিজস্ব পুঁজি গঠন, এর সদস্যদের প্রশিক্ষিতকরণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন, বিনিয়োগ পরিকল্পনা ও সংযোগ প্রদান। প্রকল্পটির সুবিধাভোগীর মোট সংখ্যা ২,০৫,৫৯৩ জন এবং সমিতির সংখ্যা ২,০৭৯ টি। চলতি অর্থবছরের ৩য় ত্রৈমাসিকে ৪২০ জন পুরুষ এবং ১৬০ জন মহিলা প্রশিক্ষণার্থীকে বিশেষ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৬০ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্সের আওতায় ২১৬০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি অর্থবছরে প্রকল্পটির আরএডিপি বরাদ্দ ২১৮৬.৮৪ লক্ষ টাকা এবং জানুয়ারি থেকে মার্চ, ২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৭২.২৩ লক্ষ টাকা।

**২. প্রদর্শনী এবং সম্প্রসারণ**

**২.১ শিরোনাম: বার্ড প্রদর্শনী ডেইরি, পোল্ট্রি ও ছাগলের খামার শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** আধুনিক পদ্ধতিতে গরু, ছাগল ও হাঁস-মুরগি পালন ও প্রদর্শন প্রাণিসম্পদ বিষয়ে বিভিন্ন ধরনের গবেষণা পরিচালনা, এবং মানসম্মত ও টেকসই প্রাণিজ পন্য উৎপাদন ও খামারি পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** বার্ড ক্যাম্পাস।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** খামারের ডেইরি ইউনিটে অনুৎপাদনশীল গাভী এবং গোট ইউনিটের সাইজ ক্ষুদ্র করার উদ্দেশ্যে ছাগল সনাক্ত করে উন্মুক্ত নিলাম পদ্ধতিতে বিক্রির ব্যবস্থা গ্রহন করা হয়। সেখানে শীতকালীন পরিচর্যা নিশ্চিত করা হয়েছে। সময়ানুযায়ী ভ্যাকসিনেশন ও কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হচ্ছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ২২.৭১ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় প্রায় ১১.৭৫ লক্ষ টাকা।

**২.২ শিরোনাম: "মাশরুম উন্নয়ন ও চাষ" শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** টিস্যু কালচার পদ্ধতিতে মাশরুমের বীজ (পিউর কালচার) উৎপাদন ও সংরক্ষণ, পিউর কালচার থেকে মাদার কালচার তৈরি করা এবং মাদার কালচার থেকে বাণিজ্যিক স্পন তৈরি করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** বার্ড ক্যাম্পাস

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** মাশরুম স্পন উৎপাদনের প্রয়োজনীয় কাঁচামাল (কাঠের গুড়া, ভূশি, তুষ, চুন,ইউথেন পিপি, নেক ও রাবার) ক্রয় করা হয়েছে। মাশরুম সেন্টারে মাশরুম রাখার জন্যে ২ টি কাঠের স্টেরিলাইজার বক্স তৈরী করা হয়েছে। চলমান কোয়ার্টারে প্রায় ২৫০০ টি স্পন উৎপাদন ও ৩৫ কেজি মাশরুম উৎপাদিত হয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৩.৫০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় প্রায় ১.৫৩ লক্ষ টাকা।

**২.৩ শিরোনাম: 'বার্ড প্রদর্শনী মৎস্য খামার' শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্য:** আধুনিক মৎস্যচাষ প্রযুক্তির সম্প্রসারণ ও গুণগত মানের পোনা উৎপাদনের জন্য আধুনিক সুবিধা সম্পন্ন একটি প্রদর্শনী মৎস্য খামার গড়ে তোলা এই প্রায়োগিক গবেষণার প্রধান উদ্দেশ্য।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** বার্ড ক্যাম্পাসের দক্ষিণ-পূর্ব পার্শ্বস্থ' প্রদর্শনী মৎস্য খামার এলাকা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** প্রদর্শনী পুকুরে কার্প জাতীয় মাছের রেনু পোনা ছাড়া হয় এবং পরিকল্পনামাফিক সুষ্ঠু পরিচর্যা কার্যক্রম অব্যাহত আছে। বায়োফ্লক ইউনিটে তেলাপিয়া মাছের পোনা অবমুক্ত করা হয় এবং একুয়াপনিক্স ইউনিটে শীতকালীন চেরী টমেটো আবাদ করা হচ্ছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৪.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় প্রায় ১.৬৮ লক্ষ টাকা।

**২.৪ শিরোনাম : বার্ড ক্যাম্পাসে ট্রাইকো কম্পোস্ট উৎপাদন, গবেষণা এবং ব্যবসায়িক মডেল বিকাশ শীর্ষক প্রায়োগিক গবেষণা ।**

**উদ্দেশ্যঃ** বার্ড ক্যাম্পাসে ট্রাইকো-কম্পোস্ট উৎপাদন, গবেষণা এবং এর ফলাফল প্রচলিত অন্যান্য কম্পোস্টের সাথে তুলনা করে ট্রাইকো-কম্পোস্টের মান মূল্যায়ন করা। গ্রামে ট্রাইকো-কম্পোস্ট প্লট স্থাপন করার মাধ্যমে ট্রাইকো কম্পোস্ট উৎপাদন ও সম্প্রসারণকরণ ।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** বার্ড ক্যাম্পাস এবং ২টি গ্রাম সমিতি ।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** প্রদর্শনী প্লটের কার্যক্রম শুরুর লক্ষ্যে গোবর, সাসপেনশন ও অন্যান্য উপকরন ক্রয় করা হয়। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৭.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১.৫১ লক্ষ টাকা ।

**৩. প্রাতিষ্ঠানিক ব্যবস্থার উন্নয়ন**

**৩.১ শিরোনাম : "গ্রাম সংগঠন ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে পল্লী এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন" বিষয়ক প্রায়োগিক গবেষণা ।**

**উদ্দেশ্যঃ** গ্রামের মানুষকে সংগঠিত করে ইউনিয়ন পরিষদের সরাসরি তত্ত্বাবধানে আয়র্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করার মাধ্যমে মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন করা ।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার বরুড়া উপজেলার ০৪ নং খোসবাস ইউনিয়নে প্রকল্পটি পরিচালিত হচ্ছে ।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৪):** প্রায়োগিক গবেষণাটির প্রশিক্ষণ কম্পোনেন্টের আওতায় "বেসিক কম্পিউটার এপ্লিকেশন এন্ড আইসিটি" বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ৪০ জন প্রশিক্ষনার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ১২.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৮.৮৬ লক্ষ টাকা ।

**৩.২ শিরোনাম : "কুমিল্লার হাতে বোনা খাদি শিল্পের বাজার সম্প্রসারণ ও সক্ষমতা উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা ।**

**উদ্দেশ্যঃ** চরকা দিয়ে সুতা কাটা নারী শ্রমিক এবং হস্ত নির্ভর খাদি শিল্পীদের সুসংগঠিত করে গুণগত সুতা ও কাপড় উৎপাদন করা। চারু-কারু শিল্পের সহায়তায় উৎপাদিত খাদি কাপড়ের মূল্য সংযোজন করে ন্যায্যমূল্যে বিক্রির ব্যবস্থা করা। সুফলভোগীদের মধ্য থেকে নব্য খাদি শিল্পী বা উদ্যোক্তা তৈরী করা ।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার আদর্শ সদর ও সদর দক্ষিণ উপজেলা ।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৪):** সুতা থেকে ৭২৫ গজ খাদিকাপড় বোনা হয়েছে। ১০৫০ গজ খাদিকাপড় দিয়ে চূড়ান্ত খাদিপণ্য তৈরি সম্পন্ন হয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৯.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫.০৯ লক্ষ টাকা ।

**৩.৩ শিরোনাম : জনসম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) স্থানীয়করণে বাস্তবায়নযোগ্য মডেল তৈরী বিষয়ক প্রায়োগিক গবেষণা ।**

**উদ্দেশ্যঃ** প্রকল্পটির উদ্দেশ্য হলো টেকসই উন্নয়ন অভীষ্ট সম্পর্কে স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও জনগণের মধ্যে সচেতনতা তৈরী, গ্রাম বা ওয়ার্ড বা ইউনিয়নের জন্য সকল জনগণের মতামতের ভিত্তিতে এলাকার এসডিজি অগ্রাধিকার সূচকসমূহ নির্ণয় এবং উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে জনঅংশগ্রহণের ধরণ (ব্যক্তিশ্রম, অর্থ, অন্যান্য সম্পদ) চিহ্নিতকরণ ।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার অর্ন্তগত কাশিনগর ইউনিয়ন পরিষদ ।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৪):** জনপ্রতিনিধিদের জন্য অয়োজিত 'এসডিজি স্থাণীয়করণ প্রশিক্ষণ' কোর্সের প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে পিআরএ জরিপের জন্যে চেকলিস্ট তৈরী করা হয়েছে। চলতি অর্থবছরে প্রকল্পটির বাজেট ৫.০০ লক্ষ টাকা ।

**৩.৪ শিরোনাম : পল্লী এলাকায় উন্নত সেবা সরবরাহে ই-পরিষদ বিষয়ক প্রায়োগিক গবেষণা ।**

**উদ্দেশ্যঃ** ইউনিয়ন পরিষদের নাগরিক সেবা প্রদান কার্যক্রম সহজীকরণের জন্য ইউনিয়ন পরিষদে ই-গভার্নেন্স বাস্তবায়ন, পাঁচশালা পরিকল্পনা গ্রহণ, জনসম্পৃক্তকরণ ও ইউনিয়ন পরিষদের কাজে নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধির জন্য নাগরিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়নের যুবক-যুবতীদের সম্পৃক্তকরণ ।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার বিজয়পুর ও বারপাড়া ইউনিয়ন ।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** গত ১০ মার্চ ২০২৪ খ্রিঃ ফ্রি-ল্যান্সিং ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত তরুণ-তরুণীদের কাজের অগ্রগতি ও তাদের পরিকল্পনা সম্পর্কে জানার জন্য একটি মতবিনিময় সভা করা হয়। প্রকল্পভুক্ত বিজয়পুর ও বারপাড়া ইউনিয়নের উন্নয়ন ইস্যু, অবকাঠামো, স্যানিটেশন, বর্জ্য, শিক্ষা প্রভৃতি বিষয়ে যুবকদের সম্পৃক্ত করার মাধ্যমে ভিডিও ক্লিপ তৈরির জন্য যুবকদের সাথে একটি মতবিনিময় সভা করা হয়েছে। উক্ত সভার মতবিনিময়ের আলোকে বারপাড়া ইউনিয়নের রতনপুর এবং বিজয়পুর ইউনিয়নের রাজার খলা গ্রামে স্যানিটেশন, বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে এলাকাবাসীর মতামতের আলোকে ভিডিও তৈরির কাজ চলমান রয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৯.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় প্রায় ৫.৯৩ লক্ষ টাকা ।

**৩.৫ শিরোনাম: কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের বৃত্তিমূলক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থান সৃষ্টি বিষয়ক প্রায়োগিক গবেষণা (দ্বিতীয় পর্যায়) ।**

**উদ্দেশ্যঃ** প্রকল্পের প্রধান উদ্দেশ্য হচ্ছে কওমি মাদ্রাসার শিক্ষার্থীদের বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের সাবলম্বী হতে সহায়তা করা ।

**প্রায়োগিক গবেষণা এলাকাঃ** কুমিল্লা জেলার আদর্শ সদর ও সদর দক্ষিণ উপজেলা ।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ, ২০২৪):** ট্রেডভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে উপযুক্ত ছাত্র নির্বাচনে মাদ্রাসাগুলোর সাথে যোগাযোগ চলমান আছে। 'ফ্রিজ ও এসি সার্ভিসিং' ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের কর্মসংস্থানে পরামর্শ প্রদানে যোগাযোগ অব্যাহত আছে। চলতি অর্থবছরে প্রকল্পটির বাজেট ১৭.০০ লক্ষ টাকা ।

**৩.৬ শিরোনামঃ গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীকে কম্যুনিটির অংশগ্রহণে সহায়তা প্রদান জোরদারকরণ শীর্ষক প্রায়োগিক গবেষণা ।**

**উদ্দেশ্যঃ** গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীর অন্তর্ভূক্তিতে কম্যুনিটির অংশগ্রহণে সামাজিক ও মনস্তাত্ত্বিক সহায়তা প্রদান করার পাশাপাশি অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে আয়ের সুযোগ সৃষ্টি করা ।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার আদর্শ সদর, সদর দক্ষিণ, বুড়িচং ও ব্রাহ্মণপাড়া উপজেলার ১২টি গ্রামে প্রাপ্যতার ভিত্তিতে সম্ভাব্য ৪০০ পরিবার ।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** গত ০৬ মার্চ,২০২৪ তারিখে চান্দলা সংগঠনের সুফলভোগীদের মাঝে ধারাবাহিকভাবে বিনামূল্যে

স্বাস্থ্যসেবা ও ফলোআপ কর্মসূচির আয়োজন করা হয়। গত ২৭-২৯ ফেব্রুয়ারি, ২০২৪ মেয়াদে "প্রাথমিক স্বাস্থ্যসেবা ও কেয়ারগিভার তৈরি" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৪.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১.৯২ লক্ষ টাকা।

**৩.৭ শিরোনাম: গ্রামীণ নারীর ক্ষমতায়নের লক্ষ্যে টেকসই শিক্ষা ও উদ্যোক্তা উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** গ্রামীণ নারীদের বিশেষত সুবিধা বঞ্চিত ও দারিদ্র্য পীড়িত পরিবারের নারীদেরকে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ডের মূল স্রোতধারায় সক্রিয় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি এবং টেকসই শিক্ষার মাধ্যমে আত্ম-সক্রিয়তা অর্জন ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা উন্নয়নপূর্বক নারীর দারিদ্র্য নিরসন ও ক্ষমতায়িত করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার আদর্শ সদর, সদর দক্ষিণ, বুড়িচং ও বরুড়া উপজেলার ২৪টি গ্রাম।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** নারীদের গ্রামসংগঠন ব্যবস্থাপনা ও হিসাব সংরক্ষণ বিষয়ক এবং নারী উদ্যোক্তাদের ব্লক, বাটিক, স্ক্রিনপ্রিন্ট ও সূচি বিষয়ক ০২ টি প্রশিক্ষণ কোর্সে মোট ৬৮জন প্রশিক্ষণার্থী অংশ নেয়। প্রকল্পটির সুফলোভোগীদের অংশগ্রহনে রত্নবতী বার্ষিক সাধারণ সভায় ৩৮ জন সদস্যের মাঝে ১২.০০ হাজার টাকা লভ্যাংশ বন্টন করা হয় এবং ধনুয়াইশ মহিলা সংগঠনের বার্ষিক সাধারণ সভায় ৫৪ জন সদস্যের মাঝে ২২.০০ হাজার টাকা লভ্যাংশ বন্টন করা হয়। সেমিনার/কর্মশালা কম্পোনেন্টের আওতায় গত ০৮ই মার্চ, ২০২৪ নারী দিবসে "নারীর জন্য বিনিয়োগ: প্রত্যাশা ও প্রাপ্তি" শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। প্রতিবেদনকালীন সময়ে সঞ্চয় ও ঋণ কার্যক্রম কম্পোনেন্টের অধীনে সুফলভোগীদের মাঝে ১৩.৭ লক্ষ টাকা ঋণ বিতরণ ও ৫.৩৪ লক্ষ টাকা ঋণ আদায় হয়েছে। চলতি অর্থবছরে প্রকল্পটির বাজেট ১২.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময়ে ব্যয় ২.৪৯ লক্ষ টাকা।

**৪. উৎপাদনশীলতা বৃদ্ধির পদ্ধতি প্রবর্তন**

**৪.১ শিরোনাম: "কৃষি যান্ত্রিকীকরণ ও যৌথ খামার ব্যবস্থাপনা" শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** ধান উৎপাদন খরচ কমিয়ে আনার জন্য চাষাবাদে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার, মাঠ পর্যায়ের কৃষকদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ এবং প্রাপ্ত প্রায়োগিক গবেষণার ফলাফলের ভিত্তিতে সরকারের নীতি নির্ধারণে পরামর্শ প্রদান করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার লাকসাম ও আদর্শ সদর উপজেলা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** গত ৯ ও ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখে রায়ঁচো ও নোয়াপাড়া সাইটে আমন ধানের দুটো মাঠ দিবস আয়োজন করা হয় এবং গত ১০ ও ১১ নভেম্বর ২০২৩ তারিখে কমিউনিটি এন্টারপ্রাইজের স্বচ্ছতা, জবাবদিহিতা ও সাংগঠনিক ব্যবস্থাপনা জোরদারকরণ বিষয়ে দিনব্যাপী ২ টি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। চলতি অর্থবছরে প্রকল্পটির বাজেট ৫.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময়ে ব্যয় ২.৩৮ লক্ষ টাকা।

**৪.২ শিরোনাম: কমিউনিটি এন্টারপ্রাইজের মাধ্যমে প্লাবনভূমিতে মৎস্যচাষ ও নিরাপদ খাদ্য উৎপাদন বিষয়ক প্রায়োগিক গবেষণা।**

***উদ্দেশ্যঃ*** স্থানীয় কমিউনিটিকে উদ্বুদ্ধ করে বর্ষাকালে পতিত জলাশয়ে মৎস্যচাষ ও নিরাপদ খাদ্য উৎপাদনের মাধ্যমে প্লাবনভূমির উপর নির্ভরশীল জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন এই প্রায়োগিক গবেষণার মূল উদ্দেশ্য।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার মনোহরগঞ্জ ও লাকসাম উপজেলার দু'টি ইউনিয়ন।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** প্রকল্পের ভিডিও ডকুমেন্টেশন সম্পন্ন হয়েছে। প্রকল্প এলাকার মনিটরিং অব্যাহত কার্যক্রম আছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৩.০০ লক্ষ টাকা।

**৪.৩ শিরোনাম : গ্রাম উন্নয়ন সংগঠনের স্থায়ীত্বশীলতা বৃদ্ধি এবং আধুনিক কৃষি কর্মকান্ডের মাধ্যমে লালমাই ময়নামতি পাহাড়ি এলাকার জনগনের টেকসই অর্থনৈতিক উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** কর্মসূচির মূল উদ্দেশ্য হলো-লালমাই-ময়নামতি প্রকল্পের মাধ্যমে সৃজিত গ্রাম উন্নয়ন সংগঠনসমূহের স্থায়ীত্বশীলতা বৃদ্ধি এবং আধুনিক কৃষি কর্মকান্ডের মাধ্যমে লালমাই-ময়নামতি পাহাড়ি এলাকার জনগণের টেকসই অর্থনৈতিক উন্নয়ন করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** কুমিল্লা জেলার সদর দক্ষিণ, আদর্শ সদর, বুড়িচং ও লালমাই উপজেলা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** প্রশিক্ষন কম্পোনেন্টের আওতায় "গ্রাফটিং পদ্ধতিতে টমেটোর চারা ও আলু চাষে জৈবসার (কেচোঁসার) প্রয়োগে ফলন" শীর্ষক ০২টি প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হয়। প্রতিবেদনকালীন সময়ে সঞ্চয় ও ঋণ কার্যক্রম কম্পোনেন্টের অধীনে সুফলভোগীদের মাঝে ৭.২৪ কোটি টাকা ঋণ বিতরণ ও ৬.৬৫ কোটি টাকা ঋণ আদায় হয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ৩৩.০৭ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯.১৭ লক্ষ টাকা।

**৪.৪ শিরোনাম: অভিযোজন পদ্ধতিতে চরাঞ্চলের মানুষের জীবিকার মানোন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প।**

**উদ্দেশ্যঃ** চরাঞ্চলের মানুষের জীবিকার মানোন্নয়নে অভিযোজন পদ্ধতিতে কৃষিকাজ এবং বিভিন্ন অকৃষি কার্যক্রমে উদ্বুদ্ধ করা।

**প্রায়োগিক গবেষণা এলাকা:** পুরাতন চরচাষী গ্রাম, গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ; নতুন হাসনাবাদ গ্রাম, দাউদকান্দি উপজেলা, কুমিল্লা ও চর কাঁঠালিয়া গ্রাম, মেঘনা উপজেলা, কুমিল্লা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** মাঠ কর্মীর সহায়তায় কর্ম-পরিকল্পনার কম্পোনেন্টভিত্তিক কার্যক্রম বিষয়ে ০৩টি চরের সমিতির সুফলভোগীদের সাথে ০৯টি সভা করা হয়েছে। সমিতির সুফলভোগীদের দ্বারা বাড়ির আঙ্গিনায় শাক-সবজীর চাষাবাদ করা হয়েছে। চর-কাঠাঁলিয়া ও হাসনাবাদ গ্রামে ০৫ জন আগ্রহী কৃষকের দ্বারা ০৬ টি বেডে ভাসমান শাকসবজি চাষাবাদ করা হয়েছে। চর-কাঠাঁলিয়া ও হাসনাবাদ গ্রামে ০৫ জন আগ্রহী কৃষকের দ্বারা ছয়টি ভাসমান বেড তৈরী করে শাকসবজি চাষাবাদ করা হচ্ছে। সর্জন পদ্ধতির মাচায় শাকসবজি চাষাবাদ করা হচ্ছে। এছাড়া উদ্যোক্তাগন নিজ উদ্যোগে পুকুরে মাছের পোনা ছেড়েছেন এবং পুকুরের উপরের মাচায় ফাউমি মুরগি পালন করা হচ্ছে এবং নিয়মিত ডিম দিচ্ছে। চলমান অর্থবছরের প্রথম তিন মাসে মোট ১৪ জন কে ২,৩৫,০০০ টাকা ঋণ দেওয়া হয়েছে। মোট ঋণ আদায় ৪,৬৭,৮৩৮ টাকা। তিন মাসে মোট সঞ্চয় আদায় হয়েছে ১,১৫,৯০০ টাকা। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ১০.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৭.০৪ লক্ষ টাকা।

**৪.৫ শিরোনাম: গ্রামীণ পর্যটন বিকাশের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ জীবনমান উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণা।**

**উদ্দেশ্যঃ** পল্লী এলাকায় গ্রামীণ ঐতিহ্য,

প্রাকৃতিক সৌন্দর্য ও সংস্কৃতির উপর ভিত্তি করে গ্রামীণ পর্যটনের বিকাশের মাধ্যমে পল্লীর জীবনমান উন্নয়ন করা, গ্রামীণ কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি করা, পল্লী এলাকায় গ্রামীণ পর্যটন বিকাশের মাধ্যমে শহরের সুবিধাসমূহ গ্রামে স্থানান্তরের প্রচেষ্টা নেয়া এবং পল্লী পর্যটন বিকাশের মাধ্যমে গ্রামীণ উন্নয়নের একটি মডেল উদ্ভাবন করা।


**প্রায়োগিক গবেষণা এলাকা:** বার্ড ক্যাম্পাস, কুমিল্লা জেলার সদর দক্ষিণ ও লালমাই উপজেলা।

**অগ্রগতি (জানুয়ারি-মার্চ,২০২৪):** প্রায়োগিক গবেষণাটির প্রশিক্ষণ কম্পোনেন্টের আওতায় "গ্রামীণ পর্যটন বকাশের মাধ্যমে পল্লী উন্নয়ন" শীর্ষক ২টি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। চলতি অর্থবছরে প্রায়োগিক গবেষণাটির বাজেট ০৪.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদনাধীন সময় পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১.৮০ লক্ষ টাকা।

## স্মার্ট গ্রাম বিনির্মাণে বার্ড

১ম পৃষ্ঠার পর

মঈন, পিএইচডি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন ২০৪১ সালের সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গঠনে গ্রামীণ জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে হলে অবশ্যই বাংলাদেশের গ্রামসমূহে আধুনিক সেবা নিশ্চিতকরণসহ সার্বিক বিষয় স্মার্ট করে তুলতে হবে। কর্মশালায় সভাপতিত্ব করেন ড. আবদুল করিম, অতিরিক্ত মহাপরিচালক, বার্ড। কর্মশালায় তিনি স্মার্ট গ্রাম বিনির্মাণে বার্ড এর করণীয় উপস্থাপন করেন। বার্ড-এর মহাপরিচালক জনাব সুব্রত কুমার সিকদার কর্মশালায় ভার্চুয়াল মাধ্যমে অংশগ্রহণ করেন। স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (প্রকল্প) বার্ড ও সভাপতি, বার্ড ইনোভেশন কমিটি। কর্মশালায় "স্মার্ট গ্রাম, স্মার্ট বাংলাদেশ" শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মামুনুর রশিদ ভূঁইয়া, প্রকল্প পরিচালক, এটুআই। মূল প্রবন্ধ উপস্থাপনের সময় তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বপ্ন দেখেছিলেন সৃজনশীলতা, উদ্ভাবন ও প্রযুক্তির ব্যবহার করে মানুষের অর্থনৈতিক অবস্থার পরিবর্তনের। তিনি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিক নির্দেশনায় বর্তমান ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে গড়ে তোলার রূপকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়াও কর্মশালায় ০৪টি বিষয়ভিত্তিক প্রবন্ধ উপস্থাপন করা হয়। "স্মার্ট বাংলাদেশের জন্য স্মার্ট নাগরিক: গ্রামীণ দক্ষ জনগোষ্ঠী তৈরীর সম্ভাব্য ক্ষেত্রসমূহ" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক আনিসুজ্জামান তালুকদার, পরিচালক, রিসার্স এন্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (আরআইএসই), বুয়েট; "স্মার্ট গ্রামীণ স্মার্ট অর্থনীতি: উৎপাদন ও বিবেচ্য বিষয়সমূহ" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ড. মঞ্জুর হোসেন, পরিচালক (গবেষণা), বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (BIDS), ঢাকা; "স্মার্ট বাংলাদেশের জন্য স্মার্ট সমাজ: গ্রামীণ স্মার্ট সমাজের বিবেচ্য বিষয়" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন জনাব পলাশ কান্তি দাস, পরিচালক, আল্ট্রা-পোর গ্র্যাজুয়েশন, ব্রাক এবং "স্মার্ট বাংলাদেশ ও স্মার্ট স্থানীয় সরকার: স্মার্ট গ্রামীণ স্থানীয় সরকার গঠনে অগ্রাধিকারযুক্ত বিষয়" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ড. আবদুল করিম, অতিরিক্ত মহাপরিচালক, বার্ড। উক্ত কর্মশালার মাধ্যমে স্মার্ট গ্রাম বিনির্মানে বার্ড এর প্রায়োগিক গবেষণা, গবেষণা ও প্রশিক্ষণ এর বিবেচ্য ক্ষেত্র ও কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করা হবে। কর্মশালায় বার্ড অনুষদ সদস্যসহ সমধর্মী প্রতিষ্ঠানের ৫০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। কর্মশালা পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব ফৌজিয়া নাসরিন সুলতানা, যুগ্মপরিচালক, বার্ড। সহযোগি কর্মশালা পরিচালক ও সঞ্চালকের দায়িত্ব পালন করেন জনাব রাখি নন্দী, উপপরিচালক, বার্ড। কর্মশালা সমন্বয়কের দায়িত্ব পালন করেন জনাব জোনায়েদ রহিম, যুগ্মপরিচালক, বার্ড।



*কুমিল্লার হাতে বোনা খাদিশিল্পের বাজার সম্প্রসারণ ও সক্ষমতা উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের চূড়ান্তভাবে প্রস্তুতকৃত নানা ধরণের খাদি পণ্য পর্যবেক্ষণ করছেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সিনিয়র সচিব জনাব মোসাম্মৎ হামিদা বেগম, ড. হুমায়রা সুলতানা, অতিরিক্ত সচিব, জনাব মুনিমা হাফিজ, অতিরিক্ত সচিব এবং যুগ্ম সচিব ও বার্ডের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার।*

## মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি

১৬ পৃষ্ঠার পর

করেছে। এবারের বই মেলায় বার্ড স্টলে পল্লী উন্নয়নের সাথে সম্পর্কিত মোট ১২০টিরও অধিক প্রকাশনা স্থান পেয়েছে। তন্মোধ্যে ২০২৩ সালে প্রকাশিত গ্রন্থের সংখ্যা রয়েছে ৯টি আর এগুলির নাম হচ্ছে- বার্ডের নারী উন্নয়ন প্রকল্পের অর্জিত অভিজ্ঞতা ও ফলাফল এবং ডিজিটাল প্রযুক্তি নির্ভর উদ্ভাবন কার্যক্রমে নারীর সম্পৃক্তকরণসম্প্রকরণে ভবিষ্যৎ করণীয়, Covid-19 Pandemic in Rural Livelihoods: Impact and Resilience, Adoption of ICTs in Local Government Institutions in Bangladesh, Clay Artisans of Bijoypur:, Changing Village Communities in Bangladesh: A Case Study on Transformation and Problems in Six Rural Neighbourhoods Post Training Utilization of the Cow Rearing and Beef Fattening Training Program Sponsored by the Amar Bari Amar Khamar Project, The Journal of Rural Development, Volume 44 and 45, Essays on Politics, Governance and Development: Reminiscence and Remembrance (1981-2021), বিকেন্দ্রীকরণ, স্থানীয় শাসন ও পল্লী উন্নয়ন তিন দশকের নীতি চিন্তা (১৯৯০-২০২২), "Cultivable Land use Pattern by Absentee Landowners in Sylhet: A Case of Three Villages এবং পল্লী উন্নয়নে উৎকর্ষতার অগ্রদূত" শীর্ষক বার্ডের বুকলেট।

# চান্দলা গ্রামের সোনিয়া আক্তারের পথ চলা

**কাজী সোনিয়া রহমান**, যুগ্ম-পরিচালক (পল্লী সমাজতত্ত্ব)
**ফরিদা ইয়াসমিন**, উপপরিচালক (গবেষণা)
**মোঃ শাহজালাল**, সহকারী পরিচালক (পল্লী সমাজতত্ত্ব)

সোনিয়া আক্তার, বয়স ১৭ বছর। কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার চান্দলা গজারীয়া গ্রামের অধিবাসি। তার বাবার নাম মোঃ সফিকুল ইসলাম, বর্তমানে মালয়েশিয়া প্রবাসী এবং মায়ের নাম শেফালি বেগম, গৃহিনী। সোনিয়ারা ২ভাই ১ বোন। বসতভিটা ছাড়া তাদের পরিবারের ফসলি কোন জমি নেই। বর্তমানে তার বাবার প্রবাসী আয় হতে তাদের পরিবারের খরচ নির্বাহ হয়। সোনিয়া চান্দলা আদর্শ মহিলা মাদ্রাসার অষ্টম শ্রেণীর শিক্ষার্থী।

সোনিয়ার জন্ম ২০০৭ সালের জানুয়ারি মাসে। তিন ভাই বোনের মধ্যে সোনিয়া দ্বিতীয়। জন্মের পর হতেই তার বাবা মা তার মধ্যে কিছু অস্বাভাবিকতা লক্ষ করেন। বিশেষ করে তার পায়ের নড়াচড়া তাদের কাছে স্বাভাবিক মনে হয় নি। তার বয়স যখন ৩-৪ মাস তখন থেকে তার পরিবারের সদস্যরা লক্ষ করে যে সে স্বাভাবিক শিশুদের মত হাত-পা নাড়তে পারছে না। পরবর্তীতে ১৭-১৮ মাস বয়সে যখন সে বসতে পারে না, কাত হতে পারে না, তখন থেকে স্পষ্ট হয় যে তার পায়ের পাতা বাঁকা এবং পায়ে শক্তি পায় না। এই অবস্থায় তার বাবা-মাসহ আত্মীয়-স্বজন তাকে নিয়ে হতাশ হয়ে পড়ে এবং তার চিকিৎসার উপায় খুঁজতে থাকেন।

সোনিয়ার বাবা-মা তাদের আত্মীয়-স্বজনদের পরামর্শ ও সহায়তায় প্রথমে তাকে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রে নিয়ে যান। সেখানকার ডাক্তারের পরামর্শ অনুযায়ী সোনিয়ার জন্য তার চলাচল উপযোগী জুতা বানিয়ে দেন। সেই জুতা ব্যবহার করে তার পায়ের কিছু পরিবর্তন আসলেও পরবর্তীতে জুতা ছোট হয়ে যাওয়ায় আর জুতা বানানো সম্ভবপর হয় নাই। পরবর্তীতে তার পরিবার তাকে স্থানীয় ডাক্তার কবিরাজ দিয়ে চিকিৎসা করান কিন্তু এতে তেমন ভালো ফলাফল আসেনি। পরবর্তীতে সোনিয়ার নানার বাড়ির এক আত্মীয়ের মাধ্যমে ঢাকাতে ডাক্তার দেখানো শুরু করেন এবং ডাক্তারের চিকিৎসায় সে মোটামুটিভাবে দাঁড়িয়ে অন্যের সহায়তায় হাঁটা শিখে। কিন্তু সেই চিকিৎসা ছিল অত্যন্ত ব্যয় বহুল। ইতোমধ্যে তার বাবা মালয়েশিয়াতে অবৈধ হয়ে যাওয়ায় অর্থের অভাবে তার ঔষধের খরচ চালানো সম্ভব হয় না। ফলে তার চিকিৎসা সম্পূর্ণতা পায় না।

বার্ডের রাজস্ব বাজেটে পরিচালিত "গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীকে কমউনিটির অংশগ্রহণে সহায়তা প্রদান" শীর্ষক প্রায়োগিক গবেষণার আওতায় গত ০১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে পালিত হয়েছে জাতিসংঘ ঘোষিত ৩৩তম আন্তর্জাতিক প্রবীণ দিবস। দিবসটি উদযাপন উপলক্ষ্যে প্রায়োগিক গবেষণার সুফলভোগীদের জন্য ধারাবাহিকভাবে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান কর্মসূচির আওতায় চান্দলা গ্রামের সুফলভোগীদের মধ্যে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। স্বাস্থ্য সেবা প্রদানের পাশাপাশি উপকারভোগীদের মধ্যে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ করা হয়। প্রায়োগিক গবেষণা কর্তৃক প্রদত্ত ফ্রি চিকিৎসা সেবা সম্পর্কে সোনিয়ার পরিবার জানতে পারে। ফলে তার মা তাকে সেখানে নিয়ে আসেন। প্রায়োগিক গবেষণা কর্তৃক আয়োজিত ফ্রি চিকিৎসাসেবা শীর্ষক ক্যাম্পেইন কর্মশালায় চিকিৎসাসেবা প্রদান করেন চিকিৎসক ডা. কবির হোসেন, প্রভাষক, ময়নামতি মেডিকেল কলেজ। তিনি সোনিয়াকে দেখেন এবং তার হাঁটা পর্যবেক্ষণ করে তার হাঁটার জন্য একটি সহায়ক উপকরণ (ছড়ি) প্রয়োজন বলে পরামর্শ' দেন। ডাক্তারের পরামর্শ অনুযায়ী প্রকল্প হতে উপকরণ বিতরণ এর অংশ হিসেবে তাকে একটি ছড়ি দেয়া হয় এবং ছড়িটি ব্যবহার করে কিভাবে অন্যের সাহায্য ছাড়া হাঁটা যায় সেটা দেখিয়ে দেয়া হয়। সে অত্যন্ত আগ্রহচিত্তে ছড়িটি গ্রহণ করে।

পরবর্তীতে আবার দুই মাস পর ফলোআপ চেকআপে গিয়ে দেখা যায় সোনিয়া ছড়িটি ভালোভারে ব্যবহার করছে এবং ছড়িটির সাহায্যে সে অন্যের সহায়তা ছাড়াই নিজে হাঁটতে পারছে। এখন সে ছড়িটি ব্যবহার করে আগের চেয়ে তুলনামূলক কম সময়ে আত্মবিশ্বাসের সাথে মাদ্রাসায় যেতে পারছে এবং বাড়িতে চলাফেরা করছে। মাদ্রাসায় তার সহপাঠীরা এবং শিক্ষকরাও তাকে পছন্দ করে এবং পাঠে সহযোগিতা করে। চিকিৎসাসেবা প্রদানকারী চিকিৎসক ডা. কবির হোসেন ফলোআপ চেকআপে সোনিয়াকে পর্যবেক্ষণ করেন এবং তার সম্পূর্ণ সোজা হয়ে চলার জন্য আরেকটি কনুই এ ভর করা যায় এমন ছড়ি দেয়ার পরামর্শ দেন।

সোনিয়ার মায়ের মতে, জন্ম থেকেই পায়ের সমস্যার কারণে সোনিয়ার মধ্যে চলাফেরার ক্ষেত্রে জড়তা কাজ করত। বার্ডের উক্ত প্রায়োগিক গবেষণাটির সদস্য হয়ে চিকিৎসক ও প্রায়োগিক গবেষণা দলের সদস্যদের সাথে পরিচিতি তাকে অনেক আত্মবিশ্বাস দিয়েছে। তিনি তার মেয়ের উন্নত চিকিৎসা সেবা প্রাপ্তিদের প্রায়োগিক গবেষণা দলের সদস্যদের সহায়তা কামনা করলে প্রায়োগিক গবেষণা দল কর্তৃক তাকে ঢাকাস্থ সভারের পক্ষাঘাতগ্রস্তদের পুর্নবাসন কেন্দ্রে পাঠানোর বিষয়ে যোগাযোগ করার আশ্বাস প্রদান করা হয়।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের

১৬ পৃষ্ঠার পর

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ইনোভেশন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনার উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন যথাক্রমে জনাব শাহ্ জুলফিকার হায়দার, উপসচিব (বাজেট) ও এনআইএস এর বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব সুব্রত কুমার সিকদার, যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (অনিক), জনাব আজীজ হায়দার ভূইয়া, উপসচিব (প্রশাসন) ও ইনোভেশনের সদস্য সচিব, জনাব মোহাম্মদ মাহবুব আলম, উপসচিব (প্রশাসন অধিশাখা-২) ও সিটিজেন চার্টারের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং জনাব আশীষ কুমার সাহা উপসচিব (পরিকল্পনা ও উন্নয়ন-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। উক্ত অংশীজনের সভায় বার্ড-এর ৩০ জন, কুমিল্লাস্থ বিআরডিবি'র ০৫ জন, এসএফডিএফ-এর ০৫ জন, পিডিবিএফ-এর ০৫ জন, সমবায় অধিদপ্তরের ০৫ জন, সমবায় ব্যাংকের ০৩ জন, সাংবাদিক ০৫ জনসহ মোট ৫৮ জন অংশগ্রহণ করেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপিএ টীমের উদ্যোগে এই সভা বাস্তবায়িত হয়েছে।



*বার্ড-এ অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভায় সভাপতির বক্তব্য প্রদান করছেন বার্ড-এর মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার।*

## অমর একুশে বই মেলায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি এর বার্ড স্টল পরিদর্শন



*অমর একুশে বই মেলায় বার্ড এর স্টলে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি*

গত ০২. ০২. ২০২৪ তারিখে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি অমর একুশে বই মেলায় বার্ড কুমিল্লা এর স্টল পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সিনিয়র সচিব জনাব মোসাম্মাৎ হামিদা বেগম এবং বার্ডের সম্মানিত মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ হারুন-অর- রশিদ মোল্লা এবং অন্যান্য বিশিষ্টজনরা। উল্লেখ্য বার্ড এ যাবৎ ৩৮ বার অমর একুশে বই মেলায় অংশগ্রহণ

১৪ পৃষ্ঠায় দেখুন।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অংশীজনের সভা বার্ড-এ অনুষ্ঠিত

গত ২৫ মার্চ, ২০২৪ তারিখে বার্ডের লালমাই অডিটোরিয়ামে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ইনোভেশন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনার বিভিন্ন সূচক অনুযায়ী বিস্তারিত আলোচনা হয়। এ সভায় সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এবং বার্ড-এর মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুব্রত কুমার সিকদার। সভাপতির বক্তব্যে তিনি বলেন, সরকারের বিভিন্ন কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরণ ও নাগরিকদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে এই অংশীজনের সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরবর্তীতে

১৪ পৃষ্ঠায় দেখুন



*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব রুমানা আলী, এমপি এর বার্ড সফর*


উপদেষ্টা সম্পাদক
মহাপরিচালক
বার্ড

সম্পাদক
ড. শেখ মাসুদুর রহমান
পরিচালক, বার্ড

সহযোগী সম্পাদক
সাইফুন নাহার
উপ পরিচালক, বার্ড

মহাপরিচালক, বার্ড
কোটবাড়ী, কুমিল্লা কর্তৃক প্রকাশিত

ইন্ডাষ্ট্রীয়েল প্রেস, কুমিল্লা।
E-mail : ind.press09@gmail.com

# গ্রাম উন্নয়ন

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা-৩৫০৩
ফোন : +৮৮-০২৩৩৪৪০০৬০১-৬
ফ্যাক্স : +৮৮-০২৩৩৪৪০০৪০৬
ই-মেইল : dg@bard.gov.bd
training.bard@gmail.com
ওয়েব সাইট : www.bard.gov.bd

বুলেটিনটি দেখার জন্য QR কোডটি স্ক্যান করুন

BOOK POST